

বাজারে আসা নতুন কিছু অ্যাপ

আনোয়ার হোসেন

গু গল প্লে স্টোরে লাখ লাখ অ্যাপ্লিকেশন অ্যাপের মাঝে হারিয়ে না গিয়ে দেখে নিতে পারেন সেরা কিছু অ্যাপের নাম ও এগুলোর সংক্ষিপ্ত বিবরণ।

স্টেস ফর রেডিট



গুগল প্লে স্টোরে নতুন রেডিট অ্যাপ স্টেস ফর রেডিট।

আইডিয়াটি এমন যে, রেডিট থেকে বিভিন্ন ধরনের পোস্ট ব্যাকগ্রাউন্ডে ডাউনলোড করা, যাতে করে সেগুলো পরে অফলাইনে পড়া যায়। এখন পর্যন্ত এই অ্যাপের সাহায্যে ইমেজ, জিআইএফ ও ভিডিওসহ ১০০ পোস্ট ডাউনলোড করার সুযোগ দেয়া হয়েছে। ভবিষ্যতে এতে আরও অনেক ফিচার যোগ করা হবে। যেমন- অ্যাকাউন্ট সাপোর্ট, সাব রেডিট সিলেকশন ডাউনলোড, টাইম শিডিউল, ব্যান্ডউইডথ লিমিট অপশনসহ অনেক কিছু।

স্পট অ্যাপ্লেস



গাড়ি পার্কিং ও পার্কিং রুল জানা গাড়ি মালিকদের জন্য

খুবই জরুরি। ব্যবহারকারী তার গাড়িটি কোথায় পার্ক করেছেন, এই অ্যাপটি সেটি মনে রাখবে। একই সাথে সে এলাকার পার্কিং নিয়মকানুনও জানিয়ে দেবে। অ্যাপটি মূলত পার্কিং ভুল করে ট্রাফিক মামলা বা জরিমানা থেকে মুক্তি পাওয়ার সমাধান হিসেবে কাজ করবে। অ্যাপটি যদিও বাংলাদেশের জন্য তৈরি করা হয়নি, তবে দেশের বাইরে অবস্থান করা বাংলাদেশীরা এটি ব্যবহার করে সুবিধা পেতে পারেন।



সক্রেটিক এটি শিক্ষাবিষয়ক অ্যাপ। আরও

সুনির্দিষ্ট করে বলা যায় এটি আপনাকে ম্যাথ শেখাবে। ইকুয়েশন ক্যাপচার করার জন্য এটি আপনার ফোনের ক্যামেরা ব্যবহার করবে। তারপর অ্যাপটি আপনাকে ফোনের স্ক্রিনে পপআপে একাধিক পাতার তথ্য দেবে, জানাবে কীভাবে সমস্যাটি সমাধান করা যাবে। সাধারণত প্রথম পাতায় সমাধান দেবে এবং পরের পাতাগুলো সমস্যা সমাধানে যেসব তথ্য ও সূত্র লাগবে, সেগুলো সম্পর্কে জানাবে। ছাত্রছাত্রীদের জন্য বিশেষ করে যারা ম্যাথে দুর্বল তাদের জন্য অসাধারণ একটি অ্যাপ। যেহেতু অ্যাপটি ফ্রি পাওয়া যাচ্ছে, তাই ছাত্রছাত্রী ও চাকরিপ্রার্থীরা ব্যবহার করে নিজেদের যাচাই করে নিতে পারেন।



অ্যাস্ট্রো

বাজারে ই-মেইল ক্লায়েন্ট অ্যাপ অনেক

আছে। তবে চ্যাটবট আছে এমন ই-মেইল ক্লায়েন্ট খুব একটা নেই। অ্যাপের চ্যাটবটটি বেশ কিছু কাজ করে দেবে, যেমন- নতুন কোনো ই-মেইল আসলে অ্যাপটি আপনাকে নোটিফাই করবে, আপনার কাছে জনতে চাইবে, আপনি ই-মেইল লিস্ট থেকে আনসারজব্বাইব করতে চান কি না ইত্যাদি আরও অনেক কিছু। এই অ্যাপে আছে সুজ মোড, কুইক ইনবন্ড অর্গানাইজেশন, পার্সোনাল রিমাইন্ডারসহ আরও অনেক আকর্ষণীয় ফিচার।

অ্যামাজনফ্রি টাইম



গুগল প্লেস্টোরে বড়দের অ্যাপের ছড়াছড়ি হলেও

সে তুলনায় বাচ্চাদের অ্যাপনেই। বিখ্যাত ই-কমার্স জায়ান্ট অ্যামাজন নিয়ে আসছে বাচ্চাদের জন্য অ্যাপ অ্যামাজনফ্রি টাইম। এতে আছে বিশ্বের বড় বড়

বাচ্চাদের কনটেন্ট প্রস্তুতকারী কোম্পানি যেমন- পিবিএস, নিকেলডিওন, ডিজনি ও অন্যদের ভিডিও কনটেন্ট। আর আছে বই, গেমস ও বাচ্চাদের উপযোগী কনটেন্ট। এই অ্যাপের ড্যাশ বোর্ড ব্যবহার করে বাচ্চার বয়স তালিকাভুক্ত করে নেয়া যায়। তারপর বয়স অনুযায়ী অ্যাপের কনটেন্ট পরিবর্তিত হয়ে যাবে। এই অ্যাপটির মূল্য নির্ধারণের ক্ষেত্রে কিছুটা জটিলতা আছে। তবে এই অ্যাপটি অ্যামাজনের অল্প কিছু সেবার একটি, যার জন্য অ্যামাজন প্রাইম সাবস্ক্রিপশনের দরকার হবে না। তবে অ্যাপটি পুরোপুরি ফ্রি নয়।

ইউটিউব



এটি অ্যাপ্লিকেশন ফোন ও ট্যাবলেটের জন্য

ইউটিউবের অফিসিয়াল অ্যাপ। এর মাধ্যমে দেখা যাবে বিশ্ব এখন কি দেখছে- হটস্ট মিউজিক ভিডিও থেকে শুরু করে ট্রেন্ডি গেমস, এন্টারটেনমেন্ট, নিউজসহ অনেক কিছু। অ্যাপের মাধ্যমে যে চ্যানেল ভালো লাগে তাতে সাবস্ক্রাইব করে যেকোনো ডিভাইসে ভিডিও দেখা যাবে। নতুন ডিজাইনে এখন আরও অনেক সহজে ও দ্রুত পছন্দের সব ভিডিও খুঁজে পাওয়া যাবে। যেটা করতে হবে তা হচ্ছে- একটি আইকনে ট্যাব করে অথবা রিকমেন্ডেড ভিডিওতে বা আপনার অ্যাকাউন্টে সুইচ করার জন্য সোয়াপ করতে হবে। তা ছাড়া পছন্দের চ্যানেলে সাবস্ক্রাইব করা যাবে, প্লেলিস্ট বানানো যাবে, ভিডিও এডিট ও অ্যাপ করা যাবে এই অ্যাপের সাহায্যে।

টাস্কজি



অফিস থেকে বাসায় ফিরে ক্লাস্ত, অবসন্ন দেহ নিয়ে

নিউজসাইট থেকে নিউজ পড়ার

ইচ্ছে আর হয় না, কিন্তু খবরাখবর জানার ইচ্ছেটাও শেষ হয়ে যায় না। আবার হয়তো গাড়ি বা সাইকেল চালাচ্ছেন, তখন গান শুনতে ইচ্ছে হলো কিন্তু সাইকেল বা গাড়ি থামিয়ে মিউজিক অ্যাপ খুঁজতে ইচ্ছে করছে না অথবা শরীর ঠিক রাখার জন্য প্রতিদিন সকালে দৌড়ান, দৌড়ানোর সময় ক্যালরি পরিমাপের অ্যাপ চালু রাখতে মনে থাকে না। এই ধরনের সব সমস্যা সমাধানের উপায় হলো টাস্কজি অ্যাপ। টাস্কজি এমন একটি অ্যাপ, যা ডিভাইসের বিভিন্ন এক্সানের ওপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে প্রোগ্রাম চালু করে। যেমন- ডিভাইসে হেডফোন প্লাগইন করার সাথে অ্যাপটি নির্দিষ্ট মিউজিক অ্যাপ চালু করে দেয়ার অপশন ঠিক করে দিলে আপনি গাড়ি বা সাইকেলে থাকা অবস্থায় হেডফোন চালু করার সাথে সাথে বিভিন্ন ধরনের মিউজিক অ্যাপ চালু হবে। এটিকে সবচেয়ে শক্তিশালী অটোমেশন বলা না গেলেও অন্যান্য অ্যাপের তুলনায় অনেক বেশি সাধারণ ও সহজ।

উইডু



এমন অনেক কাজ থাকে, যেগুলো করা দরকার, কিন্তু করা হয়ে

ওঠে না। এমনটি নিজের জীবনের সাথে সাথে অন্যদের বেলায়ও হতে পারে। উইডু হচ্ছে এমন সাধারণ কিন্তু চমৎকার টুর্ভুলিস্ট অ্যাপ, যার সাহায্যে জীবন অনেক সহজ করে তোলা যায়। অ্যাপটি ব্যক্তিগতভাবে যেমন ব্যবহার করা যায়, তেমনি দলগত ব্যবহারের জন্য দল বা গ্রুপ বানিয়েও ব্যবহার করা যায়। এর সাহায্যে বানিয়ে নিতে পারেন ক্রয় করতে হবে এমন সব খ্রোসারি পণ্যের তালিকা, অথবা বড় কোনো ট্রিপে কী কী করা হবে বা কোথায় কোথায় যাওয়া হবে, তাদের একটি তালিকা অথবা এ ধরনের যেকোনো কাজে অ্যাপটি ব্যবহার করা যাবে। অ্যাপে আছে এসাইনিং টাস্ক, রিপোর্টিং টাস্ক, নোটস, অ্যাটাচমেন্টসহ অনেক কিছু।

ফিডব্যাক : hossain.anower099@gmail.com